রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৬ সনের ৩০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ২৮, ২০১৬**


## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬০৯—৬১০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৮৫—৭৩৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৬৫—৮৭৯ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ৩১-০৩-১৫ ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | ১—২ |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ বৈশাখ ১৪২৩/২৫ এপ্রিল ২০১৬

নং **০৫.০০.০০০০.১৮৪.২৭.০০৪.১৫(বি.মা)-২৩৬**—যেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান (১৫২৯০), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা-এর বিরুদ্ধে বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মকালে প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী কাম-নৈশ প্রহরী নিয়োগের ক্ষেত্রে ঘুষ গ্রহণ করা, অনৈতিক কাজের জন্য উপজেলা চেয়ারম্যানসহ ইউ.পি. চেয়ারম্যানদের মাঝে ক্ষোভের সৃষ্টি হওয়ায় মাসিক সভা ও আইন-শৃঙ্খলা সভা না হওয়া, আয়কর সম্পদ বিবরণীতে সম্পদ গোপন করা ইত্যাদি অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক কারণ দর্শানোর জবাব দাখিল করলে তা বিবেচনা এবং ব্যক্তিগত শুনানি গ্রহণান্তে প্রকৃত তথ্য উদ্‌ঘাটন ও ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে জনাব জয়ন্ত কুমার সিকদার (৫৫৮৭), যুগ্মসচিব (তদন্ত-১), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্ত কর্মকর্তা ২২-০৩-২০১৬ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ আব্দুর রহমান (১৫২৯০)- এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে জনাব মোঃ আব্দুর রহমান (১৫২৯০)- এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ আব্দুর রহমান (১৫২৯০), প্রাক্তন উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া বর্তমানে অতিরিক্ত জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ (Misconduct)" এবং "দুর্নীতিপরায়ণ (Corrupt)" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## মাঠ প্রশাসন-১ অধিশাখা

### আদেশ

তারিখ, ১১ বৈশাখ ১৪২৩/২৪ এপ্রিল ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৩৭.০০.০২২.১০-১৫১**—যেহেতু, জনাব মো: খায়রুল আলম সুমন (১৬৫৭৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে জিআর-৬৪/১৬ নম্বর মামলা দায়ের হয়েছে;

২। যেহেতু, জনাব মো: খায়রুল আলম সুমন (১৬৫৭৩)-কে উক্ত মামলায় গত ১৩-০৪-২০১৬ তারিখে জেলহাজতে প্রেরণ করা হয়েছে;

৩। সেহেতু, জনাব মো: খায়রুল আলম সুমন (১৬৫৭৩)-কে বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১, বিধি ৭৩ এর নোট-২ মোতাবেক সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৪। তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে বিধি মোতাবেক খোরাকী ভাতা (subsistance allowance) পাবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ গত ১৩-০৪-২০১৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

## উর্ধ্বতন নিয়োগ-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৯ বৈশাখ ১৪২৩/০২ মে ২০১৬

**নং ০৫.০০.০০০০.১৩১.০০.০৩৮.০৭-৫৬৪**—যেহেতু, জনাব মীর মোশাররফ হোসেন (১৪১৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত), রাজউক এর সচিব হিসেবে কর্মকালীন সময়ে দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগে তাঁর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন ২৯-০৩-২০০৭ তারিখে মতিঝিল থানায় ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারাসহ বাংলাদেশ দণ্ড বিধির ৪০৯/১০৯ ধারা ও জরুরী ক্ষমতা অধ্যাদেশ, ২০০৭ এর ১৫ ধারা এবং জরুরি ক্ষমতা সংশোধনী অধ্যাদেশের ১৫(ক) ধারায় এফ আই আর রুজু করে;

যেহেতু, তিনি বর্ণিত মামলায় গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীণ থাকায় সরকার তাঁকে বি.এস.আর. পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুসারে ০৪-১০-২০০৭ তারিখ থেকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করে;

যেহেতু, তিনি ইতোমধ্যে জামিনে মুক্তি লাভ করেছেন;

যেহেতু, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ইতোপূর্বে এ জাতীয় ক্ষেত্রে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারে আইনগত কোন বাধা নেই মর্মে মতামত প্রদান করে;

সেহেতু, জনাব মীর মোশাররফ হোসেন (১৪১৩) এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তিনি বরখাস্তকালীন সময়ের সকল পাওনাদি বিধি মোতাবেক প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রেদোয়ান আহমেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

## বিধি-৪ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৩ জুলাই, ২০১৬/২৯ আষাঢ়, ১৪২৩

বিষয় : **জাতীয় সংসদের ১৪৬ ময়মনসিংহ-১ ও ১৪৮ ময়মনসিংহ-৩ নির্বাচনি এলাকায় ভোটগ্রহণের দিন সাধারণ ছুটি ঘোষণা।**

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-১৬৮**—The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে দশম জাতীয় সংসদের ১৪৬ ময়মনসিংহ-১ ও ১৪৮ ময়মনসিংহ-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের তারিখ ১৮ জুলাই, ২০১৬ সোমবার সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হলো।

২। সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলমগীর হোসেন**
সিনিয়র সহকারী সচিব।